রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ই কার্তিক ১৪০৯/৩১শে অক্টোবর ২০০২

**এস, আর, ও নং আইন ২৯৫-আইন/২০০২/পৌর-১/২এম-০৪/২০০২।**—Dhaka City Corporation Ordinance, 1983 (Ord.XL of 1983) এর section 69 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ আদর্শ কর তফসিল প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রয়োগ।**—(১) এই তফসিল ঢাকা সিটি কর্পোরেশন আদর্শ কর তফসিল, ২০০২ নামে অভিহিত হইবে।

(২) ইহা ঢাকা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই তফসিলে—

(ক) "অধ্যাদেশ" অর্থ Dhaka City Corporation Ordinance, 1983 (Ord. XL of 1983);

(খ) "কর্পোরেশন" অর্থ অধ্যাদেশের অধীন গঠিত Dhaka City Corporation;

(গ) "অনুমোদনকারী কর্তৃপক্ষ" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

৩। **সাধারণ নির্দেশাবলী।**—(১) অধ্যাদেশের বিধানাবলী ও উহার অধীন প্রণীত বিধিমালা এবং অনুমোদনকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদন সাপেক্ষে, কর্পোরেশন যে কোন কর, রেইট, সেস্‌স, টোল অথবা ফি আরোপ করিতে পারিবে।

(২) এই তফসিলে নির্ধারিত হইবার পর কর হার পরিবর্তনের ক্ষেত্রে অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে এবং কর্পোরেশন অত্র তফসিলে নির্ধারিত হারের অতিরিক্ত কর, রেইট, সেস্‌স, টোল বা ফি আদায় করিতে পারিবে না।


মূল্য ঃ টাকা ৪.০০

(৩) কর, রেইট, সেস্‌স, টোল অথবা ফি আরোপ অথবা উহাদের পরিবর্তন সরকার, অধ্যাদেশের অধীন, যে তারিখ নির্দিষ্ট করিবে সেই তারিখ হইতে কার্যকর হইবে।

৪। **ইমারত এবং ভূমির উপর কর আরোপ।**—ইমারত এবং ভূমির বাৎসরিক মূল্যের উপর অনধিক ৭% হারে কর আরোপ করা যাইবে এবং করের পরিমাণ এক টাকার কম হইলে উহা পূর্ণ এক টাকায় নির্ধারণ করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কোন ইমারত বা ভূমি ধর্মীয় প্রতিষ্ঠান হিসাবে ব্যবহৃত হইলে উহা হইতে কর আদায় করা যাইবে না ঃ

আরো শর্ত থাকে যে, কোন ধর্মীয় প্রতিষ্ঠানের ভূমি বা ইমারতের কোন অংশ বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহৃত হইলে উক্ত ভূমি বা অংশ হইতে কর আদায়যোগ্য হইবে।

৫। **স্থাবর সম্পত্তি হস্তান্তর কর আরোপ।**—স্থাবর সম্পত্তি হস্তান্তরের ক্ষেত্রে প্রতিটি হস্তান্তর দলিলে উল্লিখিত স্থাবর সম্পত্তির মূল্যের সর্বোচ্চ ২% হারে কর আরোপ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ওয়াকফ-ই-আল আওলাদ ব্যতীত, নিবন্ধিত ধর্মীয়, দাতব্য, ক্রীড়া বা সাংস্কৃতিক প্রতিষ্ঠানের অনুকূলে যে কোন দান ও উইল সংক্রান্ত হস্তান্তর দলিলের ক্ষেত্রে এই কর আরোপ করা যাইবে না ঃ

আরও শর্ত থাকে যে, বৈধ ঋণ পরিশোধের জন্য কোন স্থাবর সম্পত্তি হস্তান্তর দলিলের ক্ষেত্রেও এই কর আরোপ করা যাইবে না।

৬। **পেশা, ব্যবসা-বাণিজ্য এবং জীবিকা-বৃত্তির উপর কর আরোপ।**—পেশা, ব্যবসা-বাণিজ্য এবং জীবিকা-বৃত্তির উপর প্রতি বৎসর নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

| | | অনধিক টাকা (প্রতি বৎসর) |
|---|---|---|
| (১) লিমিটেড কোম্পানী ঃ | | |
| (ক) | পরিশোধিত মূলধন ১,০০,০০০ টাকা পর্যন্ত। | ১০০০.০০ |
| (খ) | পরিশোধিত মূলধন ১,০০,০০০ টাকার অধিক হইতে ৫,০০,০০০ টাকা পর্যন্ত। | ১৫০০.০০ |
| (গ) | পরিশোধিত মূলধন ৫,০০,০০০ টাকার অধিক কিন্তু ১০,০০,০০০ টাকা পর্যন্ত। | ২০০০.০০ |
| (ঘ) | পরিশোধিত মূলধন ১০,০০,০০০ টাকার অধিক কিন্তু ২৫,০০,০০০ টাকা পর্যন্ত। | ২৫০০.০০ |
| (ঙ) | পরিশোধিত মূলধন ২৫,০০,০০০ টাকার অধিক কিন্তু ৫০,০০,০০০ টাকা পর্যন্ত। | ৩০০০.০০ |
| (চ) | পরিশোধিত মূলধন ৫০,০০,০০০ টাকার অধিক কিন্তু ১,০০,০০,০০০ টাকা পর্যন্ত। | ৪০০০.০০ |
| (ছ) | পরিশোধিত মূলধন ১,০০,০০,০০০ টাকার অধিক কিন্তু ৫,০০,০০,০০০ টাকা পর্যন্ত। | ৫০০০.০০ |
| (জ) | পরিশোধিত মূলধন ৫,০০,০০,০০০ টাকার অধিক। | ১০০০০.০০ |

(২) ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান ঃ

| | |
|---|---|
| (ক) তফসিলী ব্যাংক | ৩০০০.০০ |
| (খ) বীমা | ৩০০০.০০ |
| (গ) ঋণদান প্রতিষ্ঠান | ৩০০০.০০ |
| (ঘ) মানি এক্সচেঞ্জ | ১৫০০.০০ |
| (ঙ) শেয়ার ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠান | ২০০০.০০ |
| (চ) এন.জি.ও | ১০০০.০০ |

(৩) শিক্ষা প্রতিষ্ঠান/ট্রেনিং সেন্টার ঃ

| | |
|---|---|
| (ক) বেসরকারী বিশ্ববিদ্যালয় | ২০০০.০০ |
| (খ) বেসরকারী কলেজ/স্কুল | ১০০০.০০ |
| (গ) কিন্টার গার্ডেন স্কুল | ১০০০.০০ |
| (ঘ) ট্রেনিং সেন্টার | ৩০০.০০ |

(৪) ঠিকাদার ঃ

| | |
|---|---|
| (ক) বিশেষ শ্রেণীর ঠিকাদার | ৩০০০.০০ |
| (খ) ১ম শ্রেণীর ঠিকাদার | ২০০০.০০ |
| (গ) ২য় শ্রেণীর ঠিকাদার | ১৫০০.০০ |
| (ঘ) ৩য় শ্রেণীর ঠিকাদার | ১০০০.০০ |
| (ঙ) সরবরাহকারী | ৫০০.০০ |

| | |
|---|---|
| (৫) বিল্ডার্স/ডেভেলপার্স/রিয়েলস্টেট | ৩০০০.০০ |
| (৬) ইন্ডেন্টিং এবং কমিশন এজেন্ট | ১০০০.০০ |
| (৭) ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্ট | ১৫০০.০০ |
| (৮) ট্রাভেলিং এজেন্ট | ১৫০০.০০ |
| (৯) রিক্রুটিং এজেন্ট | ২০০০.০০ |
| (১০) সকল প্রকার পরিবেশক | ১০০০.০০ |
| (১১) সকল প্রকার আমদানীকারক | ১০০০.০০ |
| (১২) সকল প্রকার রফতানীকারক | ৫০০.০০ |
| (১৩) টেক্সটাইল মিল (লিমিটেড কোম্পানী না হইলে) | ৩০০০.০০ |
| (১৪) জুটমিল (লিমিটেড কোম্পানী না হইলে) | ৩০০০.০০ |
| (১৫) আয়রণ এন্ড স্টীল মিল (লিমিটেড কোম্পানী না হইলে) | ৩০০০.০০ |
| (১৬) স-মিল (লিমিটেড কোম্পানী না হইলে) | ১৫০০.০০ |

| | | |
|---|---|---|
| (১৭) | ট্যানারী কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | ৩০০০.০০ |
| (১৮) | গার্মেন্টস ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৩০০০.০০ |
| (১৯) | ফার্মাসিউটিক্যাল ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ২০০০.০০ |
| (২০) | ক্যামিকেল ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ১০০০.০০ |
| (২১) | ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ |
| (২২) | জেম/জেলি/আচার/স্কোয়াশ (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ |
| (২৩) | লজেন্স ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ |
| (২৪) | কোল্ড ষ্টোরেজ (লিমিটেড কোম্পানী না হইলে) | ১৫০০.০০ |
| (২৫) | বেভারেজ (লিমিটেড কোম্পানী না হইলে) | ২০০০.০০ |
| (২৬) | বরফকল/আইসক্রীম ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ১০০০.০০ |
| (২৭) | মিনারেল ওয়াটার কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | ১০০০.০০ |
| (২৮) | টোব্যাকো ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৩০০০.০০ |
| (২৯) | চাউল, ডাল, আটা, সেমাই, মশল্লা ভাঙ্গার অথবা ময়দার কল (অটোমেটিক ব্যতীত) (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ |
| (৩০) | চাউল, ডাল, আটা, সেমাই, মশল্লা ভাঙ্গার অথবা ময়দার কল (অটোমেটিক) (লিমিটেড কোম্পানী না হইলে) | ৭৫০.০০ |
| (৩১) | তেল মিল (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ |
| (৩২) | ঢালাই কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | ১০০০.০০ |
| (৩৩) | মেটালিক (লিমিটেড কোম্পানী না হইলে) | ১০০০.০০ |
| (৩৪) | মশার কয়েল ফ্যাক্টরী (লিমিটেড কোম্পানী না হইলে) | ৭০০.০০ |
| (৩৫) | মোমবাতি (লিমিটেড কোম্পানী না হইলে) | ৫০০.০০ |
| (৩৬) | সিরামিক সামগ্রী তৈরীর কারখানা (লিমিটেড কোম্পানী না হইলে) | ১০০০.০০ |
| (৩৭) | ওয়ার্কসপ ঃ | |
| | (ক) ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ১০০০.০০ |
| | (খ) মটর ওয়ার্কসপ | ১০০০.০০ |
| | (গ) ওয়েল্ডিং | ১০০০.০০ |
| | (ঘ) রেফ্রিজারেটর/এয়ারকুলার মেরামত | ১০০০.০০ |
| | (ঙ) ভলকানাইজিং | ১০০০.০০ |
| (৩৮) | রেস্তোঁরা/কফি সপ ঃ | |
| | (ক) রেস্তোঁরা (শীতাতপ নিয়ন্ত্রিত) | ১০০০.০০ |
| | (খ) রেস্তোঁরা (শীতাতপ নিয়ন্ত্রিত ব্যতীত) | ৫০০.০০ |
| | (গ) ভ্রাম্যমান রেস্তোঁরা (ভ্রাম্যমান যান্ত্রিক গাড়ী) | ৩০০.০০ |

| | | |
|---|---|---|
| (৩৯) | মিষ্টির দোকান | ৭৫০.০০ |
| (৪০) | কনফেকশনারী | ৩০০.০০ |
| (৪১) | ফাস্ট ফুড সপ | ৩০০.০০ |
| (৪২) | আইসক্রীম সপ | ৩০০.০০ |
| (৪৩) | আবাসিক হোটেল ঃ | |
| | (ক) পাঁচ তারা হোটেল (কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত) | ২০০০০.০০ |
| | (খ) তিন তারা হোটেল (কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত) | ১৫০০০.০০ |
| | (গ) একতারা হোটেল (কেন্দ্রীয়ভাবে শীতাতপ নিয়ন্ত্রিত) | ১০০০০.০০ |
| | (ঘ) আবাসিক হোটেল (শীতাতপ নিয়ন্ত্রিত) | ৭৫০০.০০ |
| | (ঙ) আবাসিক হোটেল (শীতাতপ বিহীন) | ৩০০০.০০ |
| | (চ) গেস্ট হাউজ/রেস্ট হাউজ (শীতাতপ নিয়ন্ত্রিত) | ১০০০০.০০ |
| | (ছ) গেস্ট হাউজ/রেস্ট হাউজ (শীতাতপ বিহীন) | ৪০০০.০০ |
| (৪৪) | সিনেমা হল ঃ | |
| | (ক) সিনেমা হল (শীতাতপ নিয়ন্ত্রিত) | ২০০০.০০ |
| | (খ) সিনেমা হল (শীতাতপ বিহীন) | ১৫০০.০০ |
| (৪৫) | কমিউনিটি সেন্টার ঃ | |
| | (ক) শীতাতপ নিয়ন্ত্রিত | ২০০০.০০ |
| | (খ) শীতাতপ বিহীন | ১০০০.০০ |
| (৪৬) | ডেকরেটর ঃ | |
| | (ক) ইলেক্ট্রিক | ১০০০.০০ |
| | (খ) সাধারণ | ১০০০.০০ |
| (৪৭) | যান্ত্রিক যানবাহন/পরিবহন ঃ | |
| | (ক) কেরিয়ার | ৫০০.০০ |
| | (খ) বাস/ট্রাক/ট্যাংকার | ৫০০.০০ |
| | (গ) মিনিবাস/মিনি ট্রাক/হিউম্যান হোলার | ৫০০.০০ |
| | (ঘ) মাইক্রোবাস | ৫০০.০০ |
| | (ঙ) ট্যাক্সি/ট্যাক্সি ক্যাব/কার | ৫০০.০০ |
| | (চ) টেম্পু | ২০০.০০ |
| | (ছ) বেবী ট্যাক্সী | ১০০.০০ |
| | (জ) মিশুক | ১০০.০০ |

| | | |
|---|---|---|
| (৪৮) | অটো মোবাইল মেরামতের দোকান/ওয়ার্কসপ ঃ | |
| | (ক) বড় | ৭৫০.০০ |
| | (খ) ছোট | ৫০০.০০ |
| (৪৯) | দর্জির দোকান ঃ | |
| | (ক) বড় | ৫০০.০০ |
| | (খ) ছোট | ২৫০.০০ |
| (৫০) | নৌ-যান ঃ | |
| | (ক) লঞ্চ | ১০০০.০০ |
| | (খ) যান্ত্রিক কার্গো বোট (১০ অশ্ব ক্ষমতা ধারণসম্পন্ন) | ৫০০.০০ |
| | (গ) যান্ত্রিক কার্গো বোট (৩০ অশ্ব ক্ষমতা ধারণসম্পন্ন) | ৫০০.০০ |
| | (ঘ) যান্ত্রিক কার্গো বোট (৩০ অশ্ব ক্ষমতার উর্ধ্বে ধারণসম্পন্ন) | ১০০০.০০ |
| | (ঙ) কার্গো (৫০০কে. জি হইতে ১০০০কে. জি পর্যন্ত ধারণ ক্ষমতাসম্পন্ন) | ১০০.০০ |
| | (চ) কার্গো (১০০০ কে, জি হইতে ৫০০০ কে, জি পর্যন্ত ধারণ ক্ষমতাসম্পন্ন) | ২০০.০০ |
| | (ছ) কার্গো (৫০০০ কে, জি হইতে তদূর্ধ্বে পর্যন্ত ক্ষমতাসম্পন্ন) | ৩০০.০০ |
| (৫১) | আড়ত ঃ | |
| | (ক) ধান/চাউল/ডাল/মাছ/তৈল/ময়দা/আটা | ৫০০.০০ |
| | (খ) ইট/বালু/সিমেন্ট | ১০০০.০০ |
| | (গ) ফল/কাঁচামাল | ৫০০.০০ |
| | (ঘ) হাঁস/মুরগী | ৩০০.০০ |
| | (ঙ) চামড়া | ৫০০.০০ |
| | (চ) মৎস্য | ৩০০.০০ |
| (৫২) | ফার্নিচার ঃ | |
| | (ক) থাই এ্যালুমিনিয়াম | ২০০০.০০ |
| | (খ) কাঠ/স্টীল/বেত (বড়) | ৭০০.০০ |
| | (গ) কাঠ/স্টীল/বেত (ছোট) | ৫০০.০০ |
| (৫৩) | পারটেক্স/প্লাস্টিক/প্লাইউড | ১০০০.০০ |
| (৫৪) | হার্ডওয়ার ঃ | |
| | (ক) রং (এজেন্সী) | ৫০০.০০ |
| | (খ) রং (খুচরা) | ২৫০.০০ |
| | (গ) অন্যান্য হার্ডওয়ার সামগ্রী | ৭৫০.০০ |
| | (ঘ) মোজাইক | ১০০০.০০ |
| | (ঙ) সেনেটারী ওয়ার | ১০০০.০০ |

| | | |
|---|---|---|
| (৫৫) | পাইকারী বিক্রেতা ঃ | |
| | (ক) কাপড় (শাড়ী/থান) | ১০০০.০০ |
| | (খ) তৈরী পোষাক | ১০০০.০০ |
| | (গ) চাল/ডাল/ময়দা/আটা/চিনি/তৈল/দুধ | ৫০০.০০ |
| | (ঘ) কসমেটিক্স/স্টেশনারী | ৫০০.০০ |
| | (ঙ) লৌহজাত দ্রব্যাদি | ১০০০.০০ |
| (৫৬) | তৈজষপত্র ঃ | |
| | (ক) সিরামিক | ১০০০.০০ |
| | (খ) মেলামাইন | ১০০০.০০ |
| | (গ) এ্যালুমিনিয়াম | ৫০০.০০ |
| | (ঘ) পিতল | ২৫০.০০ |
| (৫৭) | বিউটি পার্লার ঃ | |
| | (ক) শীতাতপ নিয়ন্ত্রিত | ১০০০.০০ |
| | (খ) শীতাতপ বিহীন | ৫০০.০০ |
| (৫৮) | হেয়ার ড্রেসিং সেলুন ঃ | |
| | (ক) শীতাতপ নিয়ন্ত্রিত | ১০০০.০০ |
| | (খ) শীতাতপ বিহীন | ৩০০.০০ |
| (৫৯) | অলংকার/শো পিস ঃ | |
| | (ক) জুয়েলারী (শো রুমসহ) | ২০০০.০০ |
| | (খ) জুয়েলারী (শো রুম ছাড়া) | ১০০০.০০ |
| | (গ) রৌপ্য (শো রুমসহ) | ৫০০.০০ |
| | (ঘ) রৌপ্য (শো রুম ছাড়া) | ৩০০.০০ |
| | (ঙ) এমিটেশন | ৭৫০.০০ |
| | (চ) অলংকার নির্মাতা | ৭৫০.০০ |
| | (ছ) বিভিন্ন প্রকার শো পিস | ৫০০.০০ |
| (৬০) | চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান ঃ | |
| | (ক) পূর্ণ দৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান | ২০০০.০০ |
| | (খ) স্বল্প দৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাতা প্রতিষ্ঠান | ১০০০.০০ |
| | (গ) প্যাকেজ নাটক নির্মাতা প্রতিষ্ঠান | ১০০০.০০ |
| | (ঘ) বিজ্ঞাপন নির্মাতা প্রতিষ্ঠান | ১০০০.০০ |

| | | | |
|---|---|---|---|
| (৬১) | প্রিন্টিং/প্যাকেজিং ঃ | | |
| | (ক) | প্রেস হস্তচালিত | ৫০০.০০ |
| | (খ) | প্রেস অটোমেটিক | ২০০০.০০ |
| | (গ) | প্যাকেজিং | ১০০০.০০ |
| (৬২) | লাইব্রেরী | | ৫০০.০০ |
| (৬৩) | বিভিন্ন প্রকার কার্ড/পোস্টার বিক্রেতা | | ৫০০.০০ |
| (৬৪) | স্টেশনারী সামগ্রী | | ৫০০.০০ |
| (৬৫) | ফটোস্ট্যাট/এমোনিয়া প্রিন্ট | | ৫০০.০০ |
| (৬৬) | ফটো স্টুডিও/ল্যাবঃ | | |
| | (ক) | ফটো স্টুডিও (ল্যাব) | ১০০০.০০ |
| | (খ) | ফটো স্টুডিও (বড়) | ৫০০.০০ |
| | (গ) | ফটো স্টুডিও (ছোট) | ৩০০.০০ |
| (৬৭) | বিবিধ ছোট প্রতিষ্ঠান/দোকান ঃ | | |
| | (ক) | ভিডিও গেমসের দোকান | ১০০০.০০ |
| | (খ) | ভি,ডি,ও/ভি,সি,ডি/সি,ডি/অডিও ক্যাসেট | ৫০০.০০ |
| | (গ) | বাদ্য যন্ত্র | ৫০০.০০ |
| | (ঘ) | টক দই/মালাই/মাওয়া | ৩০০.০০ |
| | (ঙ) | শষ্যবীজ | ২৫০.০০ |
| | (চ) | কুরিয়ার সার্ভিস | ১০০০.০০ |
| | (ছ) | ডিশ এন্টেনা | ১০০০.০০ |
| | (জ) | ফোন/ফ্যাক্স/ইন্টারনেট/পিএবিএক্স/সাইবার ক্যাফে | ১০০০.০০ |
| | (ঝ) | গ্লাস/ছবি বাঁধাই দোকান | ৪০০.০০ |
| | (ঞ) | মৃৎ পাত্র | ২৫০.০০ |
| | (ট) | কার্পেট | ৫০০.০০ |
| | (ঠ) | পান-সুপারী | ৩০০.০০ |
| | (ড) | গো/হাঁস-মুরগী খাদ্য | ২৫০.০০ |
| | (ঢ) | সিকিউরিটিস সার্ভিস | ১৫০০.০০ |
| | (ণ) | ডেইরী/পোলট্রি ফার্ম | ১০০০.০০ |
| | (ত) | ঘড়ির দোকান | ৫০০.০০ |
| | (থ) | খেলাধুলার সামগ্রী | ৫০০.০০ |
| | (দ) | রেস্টুরেন্ট | ৫০০.০০ |

| | | |
|---|---|---|
| (৬৮) | এম, এস রড/সিমেন্ট/এ্যাংগেল দোকান/এজেন্ট ঃ | |
| | (ক) বড় | ১০০০.০০ |
| | (খ) মাঝারী | ৭৫০.০০ |
| | (গ) ছোট | ৫০০.০০ |
| (৬৯) | নিত্যসামগ্রীর খুচরা দোকান ঃ | |
| | (ক) মাছ/মাংস/মুরগী/ডিম | ২৫০.০০ |
| | (খ) তরিতরকারী | ২৫০.০০ |
| | (গ) গুড়/চিড়া/মুড়ি | ২৫০.০০ |
| | (ঘ) মুদি | ৪০০.০০ |
| (৭০) | রেডিমেড গার্মেন্টস | ৫০০.০০ |
| (৭১) | শাড়ী/থান কাপড় | ৫০০.০০ |
| (৭২) | জুতার দোকান ঃ | |
| | (ক) বড় | ১৫০০.০০ |
| | (খ) ছোট | ৭৫০.০০ |
| (৭৩) | ফলের দোকান | ২৫০.০০ |
| (৭৪) | চা-পান দোকান | ৩০০.০০ |
| (৭৫) | নার্সারী | ২৫০.০০ |
| (৭৬) | ফুল বিক্রেতা | ৩০০.০০ |
| (৭৭) | চামড়ার সুটক্যাস/ব্যাগ | ৫০০.০০ |
| (৭৮) | ওয়ার হাউজ/বায়িং হাউজ | ১৫০০.০০ |
| (৭৯) | ডিপার্টেমেন্টাল স্টোর ঃ | |
| | (ক) বড় | ১৫০০.০০ |
| | (খ) মাঝারী | ১০০০.০০ |
| | (গ) ছোট | ৫০০.০০ |
| (৮০) | লন্ড্রি ঃ | |
| | (ক) লন্ড্রি-অটোমেটিক | ১০০০.০০ |
| | (খ) লন্ড্রি সাধারণ | ২৫০.০০ |
| (৮১) | মটর পার্টস/লুব্রিকেন্ট | ১০০০.০০ |
| (৮২) | টায়ার-টিউব | ৫০০.০০ |
| (৮৩) | ব্যাটারী | ৫০০.০০ |

| | | |
|---|---|---|
| (৮৪) | বেডিং ষ্টোর ঃ | |
| | (ক) বড় | ৫০০.০০ |
| | (খ) ছোট | ২৫০.০০ |
| (৮৫) | টি,ভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রনিক এর সামগ্রীর দোকান/ এজেন্সী ঃ | |
| | (ক) টি,ভি, ফ্রিজ এবং অন্যান্য ইলেকট্রনিক এর সামগ্রীর দোকান/ (এজেন্সীপ্রাপ্ত) | ১০০০.০০ |
| | (খ) বড় (এজেন্সী বাদে) | ৭৫০.০০ |
| | (গ) মাঝারী (এজেন্সী বাদে) | ৫০০.০০ |
| | (ঘ) ছোট (এজেন্সী বাদে) | ২৫০.০০ |
| | (ঙ) শুধু মেরামতের দোকান | ১০০.০০ |
| (৮৬) | বৈদ্যুতিক সরঞ্জাম ঃ | |
| | (ক) বড় | ৫০০.০০ |
| | (খ) ছোট | ৩০০.০০ |
| (৮৭) | মেশিন টুলস এন্ড ইকুইপমেন্ট | ১০০০.০০ |
| (৮৮) | মটর ভেহিকল বিক্রেতা/শো-রুম | ১৫০০.০০ |
| (৮৯) | বাই সাইকেল বিক্রেতা | ৫০০.০০ |
| (৯০) | বাই সাইকেল পার্টস বিক্রেতা | ৩০০.০০ |
| (৯১) | রেকসিন | ৩০০.০০ |
| (৯২) | ফোম | ৫০০.০০ |
| (৯৩) | ঢেউটিন | ৭৫০.০০ |
| (৯৪) | প্লেন শীট | ৭৫০.০০ |
| (৯৫) | পেট্রোল পাম্প/সিএনজি ষ্টেশন | ২০০০.০০ |
| (৯৬) | এলপি গ্যাস বিক্রেতা | ৫০০.০০ |
| (৯৭) | এ্যাকুরিয়াম মাছ/পশু/পাখি বিক্রেতা | ৫০০.০০ |
| (৯৮) | ফার্মেসী ঃ | |
| | (ক) বড় | ১৫০০.০০ |
| | (খ) মাঝারী | ৭৫০.০০ |
| | (গ) ছোট | ৫০০.০০ |
| (৯৯) | চশমার দোকান ঃ | |
| | (ক) বড় | ৫০০.০০ |
| | (খ) ছোট | ২৫০.০০ |

| | | |
|---|---|---|
| (১০০) | বাঁধাই কারখানা ঃ | |
| | (ক) মেশিনসহ | ২০০.০০ |
| | (খ) মেশিন ছাড়া | ১০০.০০ |
| (১০১) | সুতার ব্যবসায়ী/পরিবেশক (পাইকারী) ঃ | |
| | (ক) বড় | ১০০০.০০ |
| | (খ) ছোট | ৫০০.০০ |
| (১০২) | সংবাদপত্র/বই স্টল | ২০০.০০ |
| (১০৩) | নিম্নেউল্লিখিত শয্যাবিশিষ্ট বেসরকারী স্বাস্থ্য ক্লিনিক বা নার্সিং হোম ঃ | |
| | (ক) ৪০ শয্যার উর্দ্ধে | ২৫০০০.০০ |
| | (খ) ৩১ শয্যা হইতে ৪০ শয্যা পর্যন্ত | ১৫০০০.০০ |
| | (গ) ২১ শয্যা হইতে ৩০ শয্যা পর্যন্ত | ১০০০০.০০ |
| | (ঘ) ৫ শয্যা হইতে ২০ শয্যা পর্যন্ত | ৫০০০.০০ |
| (১০৪) | মেডিক্যাল ডায়গনস্টিক সেন্টার/ল্যাবরেটরী ঃ | |
| | (ক) বড় | ৫০০০০.০০ |
| | (খ) মাঝারী | ৩০০০০.০০ |
| | (গ) ছোট | ১৫০০০.০০ |
| (১০৫) | স্থাপত্য/প্রকৌশল ফার্ম | ২৫০০.০০ |
| (১০৬) | প্রকৌশলী, চিকিৎসক, দন্ত চিকিৎসক (স্ব-নিয়োজিত) ঃ | |
| | (ক) যাহার আয় আয়কর প্রদানযোগ্য | ২০০০.০০ |
| | (খ) যাহার আয় আয়কর প্রদানযোগ্য নয় | ১০০০.০০ |
| (১০৭) | আইন ব্যবসায়ী (স্ব-নিয়োজিত) ঃ | |
| | (ক) এ্যাডভোকেট | ৫০০.০০ |
| | (খ) সলিসিটর ফার্ম/আইন উপদেষ্টা ফার্ম | ২০০০.০০ |
| (১০৮) | পুরাতন কাপড়ের দোকান ঃ | |
| | (ক) বড় | ২০০.০০ |
| | (খ) ছোট | ৫০.০০ |
| (১০৯) | রেক্টিফায়েড স্পিরিটের দোকান | ৫০০০.০০ |
| (১১০) | রিক্সা ও রিক্সাভ্যান তৈরী কারখানা ঃ | |
| | (ক) বড় | ১০০০.০০ |
| | (খ) ছোট | ৩০০.০০ |

| | | |
|---|---|---|
| (১১১) | মদের দোকান | ৭৫০০.০০ |
| (১১২) | মাইক ভাড়ার দোকান | ২৫০.০০ |
| (১১৩) | কম্পিউটার বিক্রয় দোকান | ৩০০.০০ |
| (১১৪) | কম্পিউটার কোচিং সেন্টার | ১০০.০০ |
| (১১৫) | স্ট্যাম্প ভেন্ডার | ১০০.০০ |
| (১১৬) | ফিলিং স্টেশন | ৫০০০.০০ |
| (১১৭) | মোবাইল ফোন বিক্রেতা/এজেন্সী | ১৫০০.০০ |
| (১১৮) | মানি লেনডার | ২৫০০.০০ |
| (১১৯) | সার, কীট নাশক, ঔষধ ঃ | |
| | (ক) এজেন্সী | ১৫০০.০০ |
| | (খ) খুচরা বিক্রেতা | ৫০০.০০ |
| (১২০) | সিরামিক ফ্যাক্টরী | ৫০০০.০০ |
| (১২১) | ইট ভাটা (যদি থাকে) | ১০০০০.০০ |
| (১২২) | পরিবহন এজেন্সী/পরিবহন ঠিকাদার | ৫০০০.০০ |
| (১২৩) | সিগারেট, বিড়ি (পাইকারী/এজেন্স) | ৩০০০.০০ |
| (১২৪) | বিভিন্ন মাপের চেরাই কাঠের ব্যবসা/বাঁশের দোকান | ৫০০.০০ |
| (১২৫) | কারুপণ্য/হস্তশিল্প ঃ | |
| | (ক) বড় | ৫০০.০০ |
| | (খ) ছোট | ৩০০.০০ |
| (১২৬) | বেকারী/কারখানা ঃ | |
| | (ক) বড় | ৫০০.০০ |
| | (খ) ছোট | ২৫০.০০ |
| (১২৭) | টি, ভি পার্টস ও এন্টিনা বিক্রেতা | ২৫০.০০ |
| (১২৮) | মৎস হেচারী (যদি থাকে) | ৩০০.০০ |
| (১২৯) | গার্মেন্টিস এক্সেসরীজ ব্যবসা | ৪০০০.০০ |
| (১৩০) | ইট, বালু ও পাথরের ব্যবসা | ৩০০.০০ |
| (১৩১) | হেলথ ক্লাব/ফিটনেস ক্লাব | ৭৫০০.০০ |
| (১৩২) | বন্দুক ক্রয় ও বিক্রয় এবং মেরামতের দোকান | ১০০০.০০ |
| (১৩৩) | পেশা কাজে নিয়োজিত নন এবং ক্রমিক নং (১) হইতে (১৩৩) এ বর্ণিত পেশা ব্যতীত অন্য কোন পেশায় নিয়োজিত অন্য কোন ব্যক্তির উপর নিম্নোক্ত হারে ফি ধার্য করা যাইবে, যথা— | |
| | (ক) যে ক্ষেত্রে আয়কর প্রদান করা হয় | ৫০০.০০ |
| | (খ) যে ক্ষেত্রে আয়কর প্রদান করা হয় না | ৩০০.০০ |

৭। **বিবাহ, দত্তক গ্রহণ ইত্যাদির উপর কর আরোপ।**—বিবাহ, দত্তক গ্রহণ, জন্ম ও মৃত্যুর সার্টিফিকেট গ্রহণের উপর নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

| | |
|---|---|
| (ক) প্রথম বিবাহ অথবা স্ত্রীর মৃত্যুর পর বিবাহ | ২৫.০০ |
| (খ) প্রথম স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ২য় বিবাহের জন্য | ১০০০.০০ |
| (গ) প্রথম দুই স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ৩য় বিবাহের জন্য | ৫০০০.০০ |
| (ঘ) প্রথম তিন স্ত্রীর জীবদ্দশায় যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে ৪র্থ বিবাহের জন্য— | ১০০০০.০০ |
| তবে শর্ত থাকে যে, স্ত্রী যদি পাগল, অক্ষম অথবা বন্ধ্যা হয় তাহা হইলে পরবর্তী বিবাহের ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ (ক), (খ), (গ) ও (ঘ)-এ বর্ণিত কর প্রযোজ্য হইবে না শুধুমাত্র নির্ধারিত ফি প্রদান করিতে হইবে। | ১০০.০০ |
| (চ) দত্তক গ্রহণের ক্ষেত্রে প্রতিটি সন্তান দত্তক গ্রহণের জন্য | ৫০.০০ |
| (ছ) জন্ম ও মৃত্যুর সার্টিফিকেট (প্রতিটি) | ১০০.০০ |

৮। **বিজ্ঞাপনের উপর কর আরোপ।**—বিজ্ঞাপনের উপর নিম্নবর্ণিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

(ক) সকল প্রকার সাইন বোর্ডের ক্ষেত্রে প্রতি বর্গফুট অথবা উহার অংশবিশেষের জন্য করের হার ঃ

(১) বেসরকারী জমি এবং ভবনের উপর স্থাপিত অথবা সাঁটিয়া দেওয়া হইলে প্রতি বছর ৫০.০০ টাকা হারে;

(২) সিটি কর্পোরেশনের নিজস্ব জমি বা সরকারী জমির উপর স্থাপিত অথবা সাঁটিয়া দেওয়া হইলে প্রতি বছর ১০০.০০ টাকা হারে।

(খ) আলোকিত বিজ্ঞাপন অর্থাৎ নিয়ন সাইন, প্লাষ্টিক সাইন হইলে প্রতি বর্গফুট অথবা উহার অংশবিশেষের জন্য ঃ

(১) বেসরকারী জমি অথবা ভবনের উপর স্থাপিত সাইন বোর্ড সাঁটিয়া দেওয়া হইলে প্রতি বছর ৭৫.০০ টাকা হারে;

(২) সিটি কর্পোরেশনের নিজস্ব জমির উপর স্থাপিত অথবা সাঁটিয়া দেওয়া হইলে প্রতি বছর ১৫০.০০ টাকা হারে।

ব্যাখ্যা ঃ আলোকিত সংক্রান্ত বিদ্যুৎ ব্যয়সহ সাইন বোর্ড নির্মাণ, তৈরি অথবা স্থাপনের সকল ব্যয় এবং খরচ মালিক অথবা বিজ্ঞাপনদাতা বহন করিবে।

৯। **পোষা জন্তুর উপর কর আরোপ**।—প্রতি বৎসর নিম্নবর্ণিত হারে পোষা জন্তুর উপর কর আরোপ করা যাইবে, যথা ঃ—

| | | |
|---|---|---|
| পোষা কুকুর | .. | ১০০.০০ টাকা |
| পোষা হরিণ (আইনানুগ) | .. | ৩০০.০০ টাকা |

১০। **সিনেমা এবং অডিওভিজুয়্যাল প্রদর্শনীর উপর কর আরোপ**।—শিক্ষামূলক অথবা দাতব্য উদ্দেশ্য ব্যতীত সিনেমা এবং অডিওভিজুয়্যাল প্রদর্শনীর সকল ক্ষেত্রে দর্শকদের নিকট হইতে সংগৃহীত প্রবেশ মূল্যের সর্বোচ্চ ১৫% হারে কর আরোপ করা যাইবে।

১১। **মোটরযান ও নৌকা ব্যতীত অন্যান্য যানবাহনের উপর কর আরোপ**।—প্রতি বৎসর নিম্নবর্ণিত হারে মোটরযান এবং যাত্রীবাহী নৌকা ব্যতীত নিম্নবর্ণিত যানবাহনের উপর উহাদের বিপরীতে উল্লিখিত হারে কর আরোপ করা যাইবে, যথা ঃ—

| যান | টাকা |
|---|---|
| (ক) প্রতি সাইকেল রিক্সা (ভাড়া) | ১০০.০০ |
| (খ) প্রতি সাইকেল রিক্সা (ব্যক্তিগত) | ১০০.০০ |
| (গ) প্রতি দুই চাকাবিশিষ্ট বাহন (ঠেলাগাড়ী) | ২৫.০০ |
| (ঘ) প্রতি তিন চাকাবিশিষ্ট বাহন (ভ্যান) | ৭০.০০ |
| (ঙ) রিক্সা ও ভ্যান ড্রাইভার লাইসেন্স | ৩০.০০ |
| (চ) টালী গাড়ী | ২৫.০০ |
| (ছ) ঘোড়ার গাড়ী/গরুর গাড়ী | ২৫.০০ |

১২। **আলোকিতকরণ রেইট**।—সেবা গ্রহণকারীর নিকট হইতে প্রদত্ত সেবার রক্ষণাবেক্ষণ খরচ বাবদ (রেইট সংগ্রহের আনুপাতিক ব্যয়সহ) সেবা গ্রহণকারীর জমি এবং ভবনের মূল্যের উপর সর্বোচ্চ শতকরা ৩ (তিন) ভাগ হারে আলোকিতকরণ রেইট আদায় করা যাইতে পারে।

১৩। **ময়লা নিষ্কাশন রেইট**।—সেবা গ্রহণকারীর নিকট হইতে প্রদত্ত সেবার রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ (রেইট সংগ্রহের আনুপাতিক ব্যয়সহ) সেবা গ্রহণকারীর জমি এবং ভবনের মূল্যের সর্বোচ্চ শতকরা ৭ (সাত) ভাগ হারে ময়লা নিষ্কাশন রেইট আদায় করা যাইবে।

১৪। **মেলা, কৃষি প্রদর্শনী, শিল্প প্রদর্শনী এবং অন্যান্য জনসমাবেশের ফিস**।—কর্পোরেশন এলাকায় বাণিজ্যিক উদ্দেশ্যে আয়োজিত কোন মেলা, কৃষি প্রদর্শনী, শিল্প প্রদর্শনী এবং উক্ত মেলা বা প্রদর্শনীর অনুরূপ কোন জনসমাবেশের জন্য উক্ত মেলা বা প্রদর্শনীর আয়োজনকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্দিষ্ট স্থানে প্রবেশের জন্য নির্ধারিত প্রবেশ মূল্যের উপর অনধিক শতকরা ৫ (পাঁচ) ভাগ হারে ফিস আদায় করা যাইবে।

১৫। **পশু জবাই ফিস**।—বাণিজ্যিক অথবা ব্যবসায়িক উদ্দেশ্যে পশু জবাই করা হইলে নিম্নবর্ণিত হারে পশু জবাই ফি ধার্য করা যাইবে ঃ—

| | |
|---|---|
| (ক) প্রতিটি ছাগল অথবা ভেড়ার জন্য | ১০.০০ |
| (খ) প্রতিটি গরুর জন্য | ৫০.০০ |
| (গ) প্রতিটি মহিষের জন্য | ৭৫.০০ |

১৬। **তফসিলের প্রাধান্য**।—অধ্যাদেশের অধীন প্রণীত অন্য কোন Scheduel-এ যাহা কিছুই থাকুক না কেন, কর্পোরেশনের ক্ষেত্রে অত্র তফসিল প্রযোজ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, ওয়াই, বি, আই, সিদ্দিকী**

সচিব।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।